

স্বদেশ -৮

[ঘূর্ণিঝড়ে মৃত মানুষ আর তাদের স্বজনদের যে ধারণ করে সেই আমার দেশের উদ্দেশে]



নীরবে কাঁদো মাগো, তুমি নীরবে কাঁদো।
পুত্রশোকে বিলাপ তোমার বারে বারে
দুঃখ তোমার আঁচল জুড়ে
হৃদয়জুড়ে শোকের প্রলাপ
তোমার জীর্ণ ঘরের ছালা বারে বারেই ভাঙ্গে ।
মাগো, তুমি আজ তাই নীরবে কাঁদো।
উপকূল জুড়ে হাজারো দেহ
পরিচয়হীন ক্রীতদাসের মত
অরা মরাকাঠ আগাছা হয়ে শুয়ে আছে।
তপমার পুত্র ওরা, তোমারই কন্যা

বারে বারে এই শোক তোমার আর নয় না।
নীরবে কাঁদো মাগো, তাই আজ তুমি নীরবে কাঁদো।
স্বপ্ন -কলমিলতা দিয়ে যতবার বুনো সবুজাভ কুটির
ততবার ঝড় এসে ভাঙ্গে । তুমি শোকে বুক বাঁধো বারে বারে।
মাগো , আমাকেও পাশে নিও
তোমার নীরব কান্নার সাথে।
আস আবারো একবার বুক বাঁধি,
তোমার উপকূল সাজাই শোক-স্বপ্ন কলমিলতা দিয়ে
বুলি সবুজাভ কুটির--ফসলের মাঠ...
আবারো একবার বুক ভাঙ্গার আগে।

~নীল স্বপ্ন ~

২৯.১১.২০০৭

কুয়ালালামপুর